গালাগালিতে রত দু’জন ব্যক্তি যে সব কুবাক্য উচ্চারণ করে, সে সব তাদের মধ্যে সূচনাকারীর উপরে বর্তায়; যতক্ষণ না অত্যাচারিত ব্যক্তি (প্রতিশোধ গ্রহণে) সীমা অতিক্রম করে।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “গালাগালিতে রত দু’জন ব্যক্তি যে সব কু-বাক্য উচ্চারণ করে, সে সব তাদের মধ্যে সূচনাকারীর উপরে বর্তায়; যতক্ষণ না অত্যাচারিত ব্যক্তি (প্রতিশোধ
গ্রহণে) সীমা অতিক্রম করে।” [সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

গালাগালি দাতা দুই ব্যক্তি থেকে যে সব গালবাক্য প্রকাশ পায়, তার গুনাহ তাদের মধ্য থেকে সূচনাকারীর ওপর বর্তাবে। কারণ, সেই তার কর্মে সীমালঙ্ঘনকারী। আর দ্বিতীয় জনের ওপর কোনো গুনাহ হবে না। কারণ, সে তার ওপর যে যুলুম করেছে, তার প্রতিবাদ করার জন্য অনুমতিপ্রাপ্ত। কিন্তু যদি মাযলুম ব্যক্তি যালিম ব্যক্তির ওপর সীমালঙ্ঘন করে যেমন সে অনুমতিপ্রাপ্ত সীমানা লঙ্ঘন করল, তখন মাযলুম ব্যক্তির গুনাহ সূচনাকারীর চেয়েও অধিক হবে।

https://sunnah.global/hadeeth/bn/show/8878